# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম।

(অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৭) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক প্রাপ্ত সনদ অনুযায়ী নিম্ন তফসিলভূক্ত সম্পত্তির স্বত্ব ও মালিকানা "বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম" এর ঋণ গ্রহীতা/বিবাদী/দায়িকগণ যথাক্রমে ১। মেসার্স গ্রীণ ট্রেড ওভারসিজ, প্রোপ্রাইটর- মিলন কান্তি চৌধুরী ২। মেসার্স জে, কে, এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর- উৎপল কান্তি চৌধুরী ৩। মিলন কান্তি চৌধুরী ৪। উৎপল কান্তি চৌধুরী, সর্ব সাকিন- ২৫৪, হাজী সোনা মিয়া মার্কেট, খাতুনগঞ্জ, থানাঃ কোতোয়ালী, চট্টগ্রাম এর বিরুদ্ধে ডিক্রিদার-ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং ৩৩/২০০৪ ও ৩২/২০০৪ হইতে উদ্ভুত ও প্রাপ্ত তফসিলভূক্ত সম্পত্তির মধ্যে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির নিলাম বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হইতে হবে।

### শর্তাবলী

১. প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে দরপত্র দাতার নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহার/তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২. দরপত্র আগামী ৩০/০৬/২০২৫ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রামে রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাঁইতে হইবে।

৩. প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ যে কোনো তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে বেসিক ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।

৪. অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

৫. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে কম বা অপর্যাপ্ত প্রতীয়মান হইলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে বা অন্য কোনো কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক তাহা গ্রহণ করিতে বাধ্য থাকিবে না।

৬. উপরে বর্ণিত ৩ ও ৪ নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন। দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পরে ৪ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে।

৭. সকল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোনো সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদিসহ যে কোনো বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৮. সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া ও ব্যয়ভার দরদাতাকে বহন করিতে হইবে।

৯. দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথাসময়ে ফেরত দেওয়া হইবে। বাতিল বা অগৃহীত জামানতের জন্য কোনো ক্ষতিপূরণ/ সুদ প্রদান করা হইবে না।

১০. শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য হইবে।

১১. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ/গৃহীত বা যে কোনো বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

১২. সম্পত্তি হস্তান্তরের সময় ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত যাবতীয় দলিলাদী/কাগজাদি হস্তান্তর করা হইবে। ইহার অতিরিক্ত কোনো দলিলাদী/ কাগজাদি দরকার হইলে ক্রেতাকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।

১৩. নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

### সম্পত্তির তফসিল

মোট ৭.০০ (সাত) শতাংশ জমি, জেলাঃ চট্টগ্রাম, থানাঃ পাঁচলাইশ হাল বাকলিয়া, মৌজাঃ বাকলিয়া, আর,এস, খতিয়ান নং ২৭৪১/২৭৪৭, আর,এস দাগ নং ২১৪৭, ২১৬১ (অংশ), বি,এস খতিয়ান নং ১০২, নামজারী বি,এস খতিয়ান নং ২৫-৩৩৪১, বি,এস দাগ নং ৩৭৮৯, ৩৭৯০, ৩৭৯১, ৩৭৯২, ৩৭৯৩, ৩৭৯৪, ৩৭৯৫, ৩৭৯৬, ৩৭৭৬, ৩৭৭১, ৩৭৬৮, ৩৭৬৬, ৩৭৬১, ৩৭৬২, ৩৭৬৫, ৩৭৬৭, ৩৭৭২, ৩৭৭৫, ৩৭৯৭, ৩৭৯৮, ৩৭৯৯, ৩৮০০, ৩৮০১, ৩৮০২, ৪৮৮৯, ৪৮৯০, ৪৮৯১, ৪৮৯২, ৪৮৯৩, ৪৮৯৪, ৪৮৯৫, ৪৮৯৬, ৪৮৯৭, ৪৮৯৮, ৪৮৯৯, ৪৯০০, ৪৯০১, ৪৯০২, ৪৯০৩, ৪৯০৪, ৪৯০৫, ৪৯০৬, ৪৯০৭, ৪৯০৮, ৪৯০৯, ৪৯১০, ৪৯১১ দাগাদির আন্দর চিহ্নিত দখল মতে উক্ত বি,এস ৪৮৯২/৪৮৯৩ দাগে তিন গন্ডা দুই কড়া বা ৭.০০ (সাত) শতক জমি।

চৌহদ্দিঃ উত্তরেঃ আশরাফিয়া হাউজিং এর রাস্তা ও বি,এস ৪৮৯৩ দাগের বাকি অংশ, দক্ষিণেঃ বি,এস, ৪৮৯১ দাগের জায়গা, পুর্বেঃ বি,এস ৪৯০৯ ও ৪৯১০ দাগের জায়গা এবং পশ্চিমেঃ বি,এস ৪৮৮০ ও ৪৮৮১ দাগের জায়গা।

**উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান**
**খাতুনগঞ্জ শাখা, ১৯৩, খাতুনগঞ্জ, চট্টগ্রাম।**

দৈনিক সমকাল এবং দৈনিক আজাদী
প্রকাশ- ২৪-০৫-২০২৫